

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৯৯

১/ বিবিধ

আরবী

الصبر نصف الإيمان واليقين الإيمان كله منكر

رواه ابن الأعرابي في "معجمه" (2 / 56) وتمام الرازي (9 / 138 / 1) وأبو الحسن الأزدي في "المجلس الأول من المجالس الخمسة" (16 - 17) وأبو نعيم في "الحلية" (34 / 5) والخطيب في "تاريخه" (13 / 226) والقضاعي في "مسنده" (6 ب / 2) من طريق يعقوب بن حميد بن كاسب عن محمد بن خالد المخزومي عن سفيان الثوري عن زبيد الأيامي عن أبي وائل عن ابن مسعود مرفوعا، وقال أبو نعيم والخطيب: تفرد به المخزومي عن سفيان بهذا الإسناد قلت: والمخزومي هذا، قال الذهبي في الميزان قال ابن الجوزي: مجروح، قلت، له عن الثوري.... مرفوعا: اليقين الإيمان كله، وهذا المتن ذكره البخاري تعليقا في كتاب الإيمان، ولم يقل فيه: قال النبي صلى الله عليه وسلم وقال الحافظ في "اللسان": قال أبو علي النيسابوري: هذا حديث منكر لا أصل له من حديث زبيد ولا من حديث الثوري، وقال في "الفتح" (1 / 41) هذا التعليق طرف من أثر وصله الطبراني بسند صحيح، وبقيته: والصبر نصف الإيمان، وأخرجه أبو نعيم والبيهقي في الزهد من حديثه يعني ابن مسعود ولا يثبت رفعه

قلت: ويعقوب بن حميد فيه ضعف من قبل حفظه وبه أعل الحديث المناوي وهو
 قصور بين، ثم ذكر عن البيهقي أنه قال: والمحفوظ عن ابن مسعود من قوله غير
 مرفوع
 وقال البيهقي في الآداب (ص 404)
 والموقوف أصح

বাংলা

৪৯৯। ধৈর্য হছে ঈমানের অর্ধেক। আর বিশ্বাস হছে পুরো ঈমান।

হাদীসটি মুনকার।

এটি ইবনুল আরাবী তার "আল-মুজাম" গ্রন্থে (২/৫৬), তাম্মাম আর-রাযী (৯/১৩৮/১), আবুল হাসান আযদী "পাঁচটি মজলিসের প্রথমটিতে" (১৬-১৭), আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৫/৩৪), আল-খাতীব তার "আত-তারীখ" গ্রন্থে (১৩/২২৬), তার থেকে ইবনুল জাওয়ী "ইলালুল মুতানাহিয়া" গ্রন্থে (১৩৬৪) এবং কাযাঈ তার "মুসনাদ" গ্রন্থে (৬ বা /২) ইয়াকুব ইবনু হুমায়েদ ইবনে কাসেব সূত্রে মুহাম্মাদ ইবনু খালিদ মাখযুমী হতে ... বর্ণনা করেছেন।

আবু নুয়াইম এবং আল-খাতীব বলেছেনঃ মাখযুমী সুফিয়ান হতে এ সনদে এককভাবে বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী বলেনঃ তিনি মাজরুহ (সমালোচিত)।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ এ মতনটি (ভাষাটি) ইমাম বুখারী "কিতাবুল ঈমান"-এর মধ্যে মুয়াল্লাক হিসাবে বর্ণনা করেছেন। তাতে তিনি বলেননি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন।

হাফয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেনঃ আবু আলী নাইসাপুরী বলেছেনঃ এ হাদিসটি মুনকার। যুবায়েদ এবং সাওরীর হাদীস হতে তার কোন ভিত্তি নেই।

ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থে (১/৪১) বলেছেনঃ الصبر نصف الإيمان এ অংশটুকু আবু নুয়াইম ও বাইহাকী "আয-যুহুদ" গ্রন্থে ইবনু মাসউদ (রাঃ) হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। মারফু' হিসাবে সাব্যস্ত হয়নি।

বাইহাকী আল-আদাব" গ্রন্থে (পৃ.৪০৪) বলেনঃ মওকুফ হিসাবেই সহীহ।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68084>

🔗 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন